

গান আমার যায় ভেসে যায়—  
চাস্ নে ফিরে, দে তারে বিদায় ॥  
সে যে দখিনহাওয়ায় মুকুল ঝরা, ধুলার আঁচল হেলায় ভরা,  
সে যে শিশির-ফোঁটার মালা গাঁথা বনের আঙিনায় ॥  
কাঁদন-হাসির আলোছায়া সারা অলস বেলা—  
মেঘের গায়ে রঙের মায়া, খেলার পরে খেলা ।  
ডুলে-যাওয়ার বোঝাই ভরি গেল চলে কতই তরী—  
উজান বায়ে ফেরে যদি কে রয় সে আশায় ॥

---

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Baul

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail